নথিভুক্ত নং-.......
সংরক্ষিত ফাইল নং-.......
গ্রহণের তারিখ:.......

গ্রহিতার স্বাক্ষর

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**বিধি-৪ শাখা**
www.mopa.gov.bd

প্রঃ সঃ/প্রয়োজনীয় ব্যবস্থা নিন

নম্বর-০৫.০০.০০০০.১৭৩.০৮.০০৬.২৩-২৫২

তারিখ : ২৪ বৈশাখ ১৪৩২ / ০৭ মে ২০২৫

## প্রজ্ঞাপন

Allocation of Business Among The Different Ministries and Divisions (Schedule I of the Rules of Business, 1996) (Revised up to April 2017) এর জনপ্রশাসন মন্ত্রণালয়ের অংশের ৩৭ নম্বর ক্রমিকের অনুবলে সরকার আসন্ন **পবিত্র ঈদ-উল-আজহা** উপলক্ষ্যে **১১ ও ১২ জুন ২০২৫ তারিখ যথাক্রমে বুধবার ও বৃহস্পতিবার** নির্বাহী আদেশে সরকারি ছুটি এবং দাপ্তরিক কাজের স্বার্থে **১৭ মে ২০২৫ তারিখ শনিবার ও ২৪ মে ২০২৫ তারিখ শনিবার** সাপ্তাহিক ছুটির দিনে অফিস খোলা রাখার ঘোষণা করিল। ছুটিকালীন সময়ে সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত এবং বেসরকারি অফিস বন্ধ থাকিবে এবং উল্লিখিত সাপ্তাহিক ছুটির দুই দিন (১৭ মে ২০২৫ ও ২৪ মে ২০২৫ তারিখ) সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত এবং বেসরকারি অফিস খোলা থাকিবে।

২। (ক) জরুরি পরিষেবা যেমন- বিদ্যুৎ, পানি, গ্যাস ও অন্যান্য জ্বালানি, ফায়ার সার্ভিস, বন্দরসমূহের কার্যক্রম, পরিচ্ছন্নতা কার্যক্রম, টেলিফোন ও ইন্টারনেট, ডাক সেবা এবং এ সংশ্লিষ্ট সেবা কাজে নিয়োজিত যানবাহন ও কর্মীগণ এই ছুটির আওতা বহির্ভূত থাকিবে।

(খ) হাসপাতাল ও জরুরি সেবা এবং এ সেবার সাথে সংশ্লিষ্ট কর্মীগণ এই ছুটির আওতা বহির্ভূত থাকিবে।

(গ) চিকিৎসা সেবায় নিয়োজিত চিকিৎসক ও কর্মীগণ এবং ওষুধসহ চিকিৎসা সরঞ্জামাদি বহনকারী যানবাহন ও কর্মীগণ এই ছুটির আওতা বহির্ভূত থাকিবে।

(ঘ) জরুরি কাজের সাথে সম্পৃক্ত অফিসসমূহ এই ছুটির আওতা বহির্ভূত থাকিবে।

৩। ব্যাংকিং কার্যক্রম চালু রাখার বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করিবে।

৪। আদালতের কার্যক্রমের বিষয়ে মহামান্য সুপ্রিম কোর্ট প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করিবেন।

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

০৭.০৫.২০২৫

মোঃ কামরুজ্জামান
উপসচিব
ফোনঃ ০২-৯৫১৪৪৯২
ইমেইল-reg4@mopa.gov.bd

---

অধ্যক্ষের কার্যালয়
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

তারিখ: ০৮/০৫/২০২৫ খ্রি.

## বিজ্ঞপ্তি

সংযুক্ত পত্রানুযায়ী, আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে আগামী ১১ ও ১২ জুন ২০২৫ তারিখ যথাক্রমে বুধবার ও বৃহস্পতিবার নির্বাহী আদেশে সরকারি ছুটি এবং দাপ্তরিক কাজের স্বার্থে ১৭ মে ২০২৫ তারিখ শনিবার ও ২৪ মে ২০২৫ শনিবার সাপ্তাহিক ছুটির দিনে অফিস খোলা রাখার ঘোষণা করা হয়েছে। তাই ছুটিকালীন সময়ে কলেজ বন্ধ থাকবে এবং ১৭ মে ২০২৫ ও ২৪ মে ২০২৫ অফিস খোলা থাকবে।

08/05/2025
অধ্যক্ষ
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

বিতরণ:

১। সম্পাদক, শিক্ষক পরিষদ, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
২। আহ্বায়ক, ------------------------------------------------, পরীক্ষা/পরিবহন কমিটি, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
৩। বিভাগীয় প্রধান, ----------------------------------------------------, (সকল বিভাগ), রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
৪। ডাটা এন্ট্রি অপারেটর, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি। তাকে কলেজের ওয়েবসাইটে আপলোড করতে নির্দেশ দেওয়া গেল;
৫। সংরক্ষণ নথি।